



সাইবার ঝুঁকি এড়াতে বন্ধ বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট



ছবি: সংগৃহীত

পিএইচপি প্রোগ্রামিং ভাষার নিরাপত্তা ত্রুটির কারণে সম্ভাব্য সাইবার হামলার ঝুঁকি এড়াতে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট বন্ধ রাখা হয়েছে। বৃহস্পতিবার (২২ অক্টোবর) ওয়েবসাইটটিতে প্রবেশ করা যায়নি।

কেন্দ্রীয় ব্যাংকের সংশ্লিষ্ট সূত্র জানায়, ওয়েবসাইটের নিরাপত্তা দুর্বলতা শনাক্ত ও সমাধানে কাজ চলছে। ঝুঁকি পর্যালোচনা করে প্রয়োজনীয় নিরাপত্তাব্যবস্থা নিশ্চিত হওয়ার পর এটি আবার চালু করা হবে।

পিএইচপিতে গুরুতর নিরাপত্তা ত্রুটি শনাক্ত হওয়ার পর বিশ্বের বিভিন্ন দেশের সরকার ও প্রতিষ্ঠান নিজেদের ওয়েবসাইটের নিরাপত্তা জোরদারে কাজ করছে। বুধবার ইউরোপসহ বিভিন্ন অঞ্চলে সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে বেশ কিছু ওয়েবসাইট বন্ধ রাখা হয়।

এদিকে, ত্রুটির বিষয়টি প্রকাশের পর লাখ লাখ সাইবার হামলার চেষ্টা হয়েছে বলে জানিয়েছে একটি সাইবার নিরাপত্তা প্রতিষ্ঠান। বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট বন্ধ থাকায় কেন্দ্রীয় ব্যাংকের তথ্য ও অনলাইন সেবা ব্যবহারে সাময়িক অসুবিধা হতে পারে।